ভোরের কাগজ ৩

তারিখ NOV. 15 1999
পৃষ্ঠা কলাম

# চবি'র বহিষ্কৃত ছাত্র আসিফ পরীক্ষা দিতে পারছে না

চ.বি'র সংবাদদাতা : অর্থনীতির তৃতীয় বর্ষের ছাত্র আসিফ আহমেদ আজ সোমবার অনুষ্ঠেয় অনার্স ফাইনাল পরীক্ষা দিতে পারছে না। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল রোববার তার প্রবেশপত্র স্থগিত করেছে।

বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গের দায়ে এক বছরের জন্য বহিষ্কৃত হওয়ার পর আসিফ আহমেদ তার বহিষ্কারাদেশের মেয়াদ শেষ হওয়ার আগেই অনার্স ফাইনালের সকল প্রস্তুতি সম্পন্ন করে ফেলে। এমন কি তার নামে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর পরীক্ষার প্রবেশপত্রও ইস্যু করে। অথচ এসব ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কিছু জানতোই না। গতকাল ভোরের কাগজে এ বিষয়ে একটি প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর কর্তৃপক্ষ আসিফ আহমেদের প্রবেশপত্র বাতিলের সিদ্ধান্ত নেয়।

এদিকে, আসিফ আহমেদকে তার বহিষ্কারাদেশের মেয়াদ শেষ হওয়ার আগেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার ক্ষেত্রে অর্থনীতি বিভাগের একজন অফিস স্টাফ সহায়তা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এছাড়া, বিশ্ববিদ্যালয় প্রশাসনের একজন কর্তাব্যক্তি তাকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের ব্যাপারে সুপারি করেছে।

উপ-উপাচার্য প্রফেসর ড. আবু ইউসুফ গতকাল এ প্রতিবেদককে জানিয়েছেন, 'আসিফের অবৈধ সুযোগ প্রাপ্তি এবং অন্যান্য অভিযোগগুলো তদন্ত করে দেখা হবে।'